

## বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে ইবি শিক্ষার্থীদের অনশন

■ কুষ্টিয়া প্রতিনিধি

অনির্দিষ্টকালের জন্য বন্ধ কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার দাবিতে অনশন কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। গতকাল বুধবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ছাত্র-ছাত্রীরা জমায়েত হয় এবং অনশন কর্মসূচি পালন করে।

অনশন চলাকালে বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. আব্দুল হাকিম সরকার, প্রো-ডিসি ড. শাহিনুর রহমান, প্রক্টর ড. লোকমান হোসেন তালুকদার ও ছাত্র উপদেষ্টা প্রফেসর আনোয়ার হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের

প্রতিনিধিদল আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের সাথে কথা বলে এবং বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার বিষয়ে শিক্ষার্থীদের আশুত্ব করলেও তারা কর্মসূচি পালন করেছে। শিক্ষার্থীরা জানায়, কালক্ষেপণ না করে সত্বর বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ক্রাস ও পরীক্ষা গ্রহণ করা না হলে তারা আরো কঠোর কর্মসূচি ঘোষণা করবে এবং চলমান আন্দোলন অব্যাহত রাখা হবে। উল্লেখ্য, ক্যাম্পাসের মধ্যে বাস চাপায় বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী সূত্রের ঘটনায় গত বছর ৩০ নভেম্বর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।